

বাংলাদেশ কোস্ট গার্ড এর অপারেশনাল কর্মকান্ডের সাফল্যের সচিত্র প্রতিবেদন - আগস্ট ২০২৩

১। সর্বমোট অর্জন। আগস্ট ২০২৩ মাসে ৩,২৩৯টি অভিযান পরিচালনা করে সর্বমোট টাকা ৩৬০,৭৪,৩২,৫৪২/০০ (টাকা তিনশত ষাট কোটি চুয়াত্তর লক্ষ বত্রিশ হাজার পাঁচশত বিয়াল্লিশ মাত্র) অর্থমূল্যের অবৈধ বিভিন্ন প্রকার মালামাল আটক করা হয় এবং আটককৃত পণ্য আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।

২। চোরাচালান বিরোধী অভিযান। আগস্ট ২০২৩ মাসে চোরাচালান অভিযানে মোট ১০ কোটি ১৭ লক্ষ ৪৬ হাজার ৬৪২ টাকার বিভিন্ন প্রকার অবৈধ চোরাচালান পণ্য আটক করা হয় এবং আটককৃত পণ্য আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



ঢাকা জোন (স্টেশন পাগলা) কর্তৃক আটককৃত বিদেশি শাড়ি, লেহেঞ্জা ও অন্যান্য মালামাল

৩। মৎস্য সম্পদ রক্ষা অভিযান। আগস্ট ২০২৩ মাসে মৎস্য সম্পদ রক্ষা অভিযানে সর্বমোট টাকা ৩৫০,৫৬,৮৫,৯০০/০০ (টাকা তিনশত পঁয়ত্রিশ কোটি ছায়াত্রিশ লক্ষ পঁচাত্তর হাজার নয়শত মাত্র) অর্থমূল্যের তন্মধ্যে ৭,৪০,৫৭,২০০ মিটার কারেন্ট জাল, ২,৩৪২টি বেহন্দি/মশারি জাল, ১,২০,৪০,৬০০ মিটার চরঘেরা/অন্যান্য জাল, ২৫০ কেজি জাটকা, ৬৮,৯৭,৬০০ পিস চিংড়ি/ফাইসা পোনা এবং ২৬,২৩০ কেজি জেলি পুশকৃত চিংড়ি আটক করা হয় এবং আটককৃত পণ্য আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



দক্ষিণ জোন (স্টেশন রামগতি) কর্তৃক আটককৃত মশারি জাল



ঢাকা জোন (স্টেশন পাগলা) কর্তৃক আটককৃত জেলি পুশকৃত চিংড়ি



দক্ষিণ জোন (স্টেশন পাথরঘাটা) কর্তৃক আটককৃত কারেন্ট জাল



পশ্চিম জোন (স্টেশন রূপসা) কর্তৃক আটককৃত অবৈধ চিংড়ি পোনা

৪। **মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অভিযান।** আগস্ট ২০২৩ মাসে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অভিযানে ৮,৪২,১৮৫ পিস ইয়াবা, ২৩৬ ক্যান/বোতল বিয়ার, ০১ ক্যান হইস্কি, ০১ বোতল দেশি/বিদেশি মদ এবং ৩০ কেজি ৯০০ গ্রাম গাঁজা আটক করা হয় এবং আটককৃত মাদকদ্রব্য আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



পূর্ব জোন (স্টেশন টেকনাফ) কর্তৃক আটককৃত ইয়াবা



ঢাকা জোন (স্টেশন চাঁদপুর) কর্তৃক আটককৃত গাঁজা



পূর্ব জোন (স্টেশন টেকনাফ) কর্তৃক আটককৃত ইয়াবা



পূর্ব জোন (স্টেশন সেন্টমার্টিন্স) কর্তৃক আটককৃত বিয়ার

৫। **বনজ সম্পদ ও পরিবেশ রক্ষা অভিযান।** আগস্ট ২০২৩ মাসে বনজ সম্পদ ও পরিবেশ রক্ষা অভিযানে ১১ কেজি হরিণের মাংস, ০২টি হরিণের চামড়া, ০২টি হরিণের মাথা এবং ০২টি হরিণের পা আটক করা হয় এবং আটককৃত মালামাল আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



পশ্চিম জোন (স্টেশন নলিয়ান) কর্তৃক আটককৃত হরিণের মাংস, মাথা, চামড়া ও পা

৬। **উদ্ধার অভিযান।** আগস্ট ২০২৩ মাসে উদ্ধার অভিযান পরিচালনা করে ১০৫ জন জীবিত যাত্রী/ক্রু, ২৭৪ জন জীবিত জেলে, ১২ জন মৃতদেহ এবং ১৬টি বোট উদ্ধার করা হয়। উদ্ধারকৃত ব্যক্তিদের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



পূর্ব জোন (বিসিজিএস অর্পূর্ব বাংলা) কর্তৃক সাগরে ভাসমান উদ্ধারকৃত জেলে



দক্ষিণ জোন (বিসিজি স্টেশন হাতিয়া) কর্তৃক উদ্ধারকৃত মৃতদেহ

৭। **ডাকাত/বনদস্যতা দমন, অবৈধ অস্ত্র ও রামদা এবং বাংলা দা উদ্ধার।** আগস্ট ২০২৩ মাসে সুন্দরবনসহ উপকূলীয় অঞ্চলে বাংলাদেশ কোস্ট গার্ড অভিযান পরিচালনা করে ২২ জন ডাকাত/বনদস্যু/মাদক ব্যবসায়ী অন্যান্য অবৈধ কাজে জড়িত ব্যক্তিদের আটক করা হয়। আটককৃত ব্যক্তিদের আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।